

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
(তথ্য ও অভিযোগ শাখা)
www.chittagong.gov.bd

তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় তথ্য অধিকার আইন বাস্তবায়নে
জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ ইলিয়াস হোসেন, জেলা প্রশাসক, চট্টগ্রাম
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, চট্টগ্রাম
তারিখ : ১৮ মার্চ, ২০১৯ খ্রি.
সময় : বেলা ৩.০০ টা
(উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক)

সভাপতি সভায় উপস্থিত জেলার বিভিন্ন দপ্তরের প্রধানগণ এবং জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির প্রতিনিধিগণকে শুভেচ্ছা জ্ঞাপনের মাধ্যমে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি দপ্তরসমূহের দায়িত্বপ্রাপ্ত ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

জেলা প্রশাসক মহোদয় এর অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চট্টগ্রাম সভায় তথ্য কমিশন এর নির্দেশনা মোতাবেক জেলা ও উপজেলায় দায়িত্বপ্রাপ্ত ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীলকারী কর্তৃপক্ষের তালিকা কমিশন হতে প্রেরিত নির্ধারিত ছক মোতাবেক প্রস্তুত করে দ্রুত অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।


সভায় আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রঃ নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	মোহাম্মদ ইলিয়াস হোসেন, জেলা প্রশাসক, চট্টগ্রাম সভায় জানান যে, জেলা পর্যায়ে প্রায় সকল অফিসে তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষ নিয়োগ দেয়া হয়েছে। তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় তথ্য অধিকার আইন বাস্তবায়নে জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির প্রতিনিধিবৃন্দ, জেলার বিভিন্ন বিভাগীয় প্রধান ও এনজিও সংস্থা সমূহের প্রতিনিধিবৃন্দকে তথ্য কমিশনের নির্দেশনা মোতাবেক আরো বেশী দায়িত্বশীল ভূমিকা পালন করার জন্য এবং হালনাগাদ তথ্য প্রেরণের জন্য সভাপতি সভায় উপস্থিত সকলকে অনুরোধ করেন।	১. তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটিকে সরকারি নির্দেশনা মোতাবেক জনসচেতনতা বৃদ্ধি পূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সকল সদস্যবৃন্দ, চট্টগ্রাম সহকারী কমিশনার তথ্য ও অভিযোগ শাখা, চট্টগ্রাম

<p>২.</p>	<p>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপীল কর্তৃপক্ষ নির্ধারন :</p> <p>দপ্তর বা প্রতিষ্ঠানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বদলী হলে দপ্তর প্রধানকে কর্মকর্তা নিয়োগের পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী সকল সরকারি ও বেসরকারি দপ্তরের তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপীল কর্তৃপক্ষ নির্ধারন পূর্বক তালিকা, কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের নির্দেশনা রয়েছে। তথ্য কমিশন হতে চাহিত কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক জেলা এবং উপজেলা পর্যায়ে সকল দপ্তর থেকে বদলীকৃত কর্মকর্তার নাম ওয়েব সাইটে হাল নাগাদ করার বিষয়েও গুরুত্বারোপ করেন। তথ্য কমিশনের নির্দেশনা মোতাবেক জনসাধারণকে সঠিক তথ্য প্রদানে মনিটরিং করার জন্য সভাপতি কমিটির সকলের দৃষ্টি আকর্ষণ করেন। ভুল তথ্য যেন সরবরাহ করা না হয় সে দিকে লক্ষ্য রাখার জন্য সভায় মত প্রকাশ করেন।</p> <p>জেলার সকল সরকারি / বেসরকারি দপ্তর ও তথ্য প্রদান ইউনিট এবং সকল ব্যাংক, এমপিওভুক্ত স্কুল এবং এনজিও সমূহকে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপীল কর্তৃপক্ষ নির্ধারন পূর্বক তালিকা কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। যে সকল প্রতিষ্ঠান/এনজিও সংস্থা হাল নাগাদ তথ্য প্রেরণ করেন নাই তাদেরকে জরুরী ভিত্তিতে তথ্য প্রেরণ করার জন্য সভায় আহ্বান জানানো হয়।</p>	<p>১. সংশ্লিষ্ট অফিসসমূহে নিয়োজিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কিংবা বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বদলী হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথাযথ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ পূর্বক স্ব-স্ব দপ্তরে দৃশ্যমান স্থানে / ওয়েব সাইটে প্রদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২. যে সমস্ত দপ্তর ও সংস্থায় এখনও তথ্য কমিশনের নির্দেশনা মোতাবেক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষ নির্ধারন করা হয়নি তাদেরকে জরুরী ভিত্তিতে ছক মোতাবেক তালিকা প্রস্তুত করে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রত্যেক সংস্থা ও বিভাগীয় অফিস প্রধানকে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>১. জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সকল সদস্যবৃন্দ, চট্টগ্রাম</p> <p>২. সহকারী কমিশনার তথ্য ও অভিযোগ শাখা, চট্টগ্রাম</p>
<p>৩.</p>	<p>কর্মকর্তাদের তথ্য অধিকার আইনের উপর অন লাইন প্রশিক্ষণ সংক্রান্ত :</p> <p>তথ্য কমিশন এর নির্দেশনা মোতাবেক জেলা পর্যায়ের কর্মকর্তাদের তথ্য অধিকার আইনের উপর ইতোমধ্যে অন লাইন প্রশিক্ষণ দেয়া হয়েছে। জেলার যে সমস্ত কর্মকর্তাগণ অন লাইন</p>	<p>১. সভার নির্দেশনা মোতাবেক কর্মকর্তাদের অন লাইন প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত শেষ করার</p>	<p>১. জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সকল সদস্যবৃন্দ, চট্টগ্রাম</p>

<p>8.</p>	<p>প্রশিক্ষণ গ্রহণ করেন নাই তাদেরকে প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত শেষ করার জন্য সভায় পুনরায় তাগিদ দেয়া হয়।</p> <p><u>ওয়েব সাইট সংক্রান্ত :</u></p> <p>সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তথ্য অধিকার আইন বাস্তবায়নে তথ্যের অব্যবহা এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিত করণের নিমিত্তে প্রত্যেক সংস্থা ও প্রতিষ্ঠানে ওয়েব সাইট খোলার পরামর্শ দেওয়া হয়। বিশেষ করে কোন তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগে বাধাগ্রস্ত হতে পারে বা অপরাধ বৃদ্ধি পেতে পারে এমন তথ্য প্রকাশ না করা, এছাড়াও কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হতে পারে এমন তথ্য প্রদান না করার এবং কোন তথ্য প্রকাশের ফলে দেশের নিরাপত্তা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে এরূপ তথ্য যাতে প্রকাশ না হয় তার প্রতি সতর্ক দৃষ্টি রাখার জন্য সভায় সকলকে অনুরোধ করেন।</p>	<p>সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২. প্রত্যেক সংস্থা ও বিভাগীয় অফিস প্রধানদেরকে এ বিষয়ে বিশেষভাবে ভূমিকা রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>১. সভার নির্দেশনা মোতাবেক প্রত্যেক সংস্থা ও বিভাগীয় অফিস প্রধানদেরকে এ বিষয়ে সতর্কতা অবলম্বন পূর্বক বিশেষভাবে ভূমিকা রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>২. সহকারী কমিশনার তথ্য ও অভিযোগ শাখা, চট্টগ্রাম</p> <p>১. জেলা অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সকল সদস্যবৃন্দ, চট্টগ্রাম</p> <p>২. সহকারী কমিশনার তথ্য ও অভিযোগ শাখা, চট্টগ্রাম</p>
-----------	--	---	--

আলোচ্য সূচীতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 মোহাম্মদ ইলিয়াস হোসেন
 জেলা প্রশাসক
 চট্টগ্রাম

ফোন-০৩১-৬১৯৯৯৬, ০৩১-৬২১০০২

ফ্যাক্স: ০৩১-৬৩৫২৭২, ০৩১৬২০৫৭০

ই-মেইল: dcchittagong@mopa.gov.bd